

ড. মোঃ আমির হোসেন (আইডি নং-০২২৭২৭) ০৭ জুলাই ২০২৪ তারিখে লালমনিরহাট সরকারি কলেজের বাংলা বিভাগের সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেন এবং ২৮ নভেম্বর ২০২৪ তারিখ থেকে এই বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে দায়িত্ব পালন করছেন। ড. মোঃ আমির হোসেন ১৯৮৬ সালের ১১ নভেম্বর পঞ্চগড় জেলার দেবীগঞ্জ উপজেলায় জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম মোঃ সামসুল হক এবং মাতার নাম আয়েশা বেগম। ব্যক্তিগত জীবনে তিনি বিবাহিত এবং দুই পুত্র সন্তানের জনক। তাঁর স্ত্রী মোছাঃ শারমিন আক্তার একজন গৃহিণী।

ড. মোঃ আমির হোসেন নূপেন্দ্র নারায়ণ সরকারি বালক উচ্চ বিদ্যালয়, দেবীগঞ্জ থেকে ২০০২ সালে এসএসসি এবং ঢাকার নটরডেম কলেজ থেকে ২০০৪ সালে এইচএসসি পরীক্ষায় কৃতিত্বের সাথে উত্তীর্ণ হন। এরপর ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বাংলায় বিএ (সম্মান) এবং এমএ ডিগ্রি অর্জন করেন। ৩০তম বিসিএস পরীক্ষার মাধ্যমে ২০১২ সালে তিনি বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারে প্রভাষক হিসেবে যোগদান করেন। ২০২৪ সালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ (আইবিএস) থেকে “বাংলাদেশের রম্যরচনা: বিষয় ও শৈলী” শীর্ষক অভিসন্দর্ভের জন্য তিনি পিএইচডি ডিগ্রি অর্জন করেন। এখন পর্যন্ত তাঁর তিনটি গবেষণা-প্রবন্ধ বিভিন্ন গবেষণা পত্রিকায় প্রকাশিত হয়েছে।